গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, খুলনা
www.bkkb.khulnadiv.gov.bd

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা বিভাগীয় সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরণ এবং সুশাসন প্রতিষ্ঠায় করণীয় ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২৬ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী**

প্রধান অতিথি : জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, বিভাগীয় কমিশনার, খুলনা।
সভাপতি : জনাব মৃধা মো: মোজাহিদুল ইসলাম, পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা।
সভার স্থান : বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষ, খুলনা।
সভার তারিখ ও সময় : ২৬-১০-২০২৩ খ্রি. সকাল ১২.০০ টা।

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক")**

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা বোর্ডের বিভিন্ন সেবা ও সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে উপস্থাপন করেন। পরবর্তীতে প্রধান অতিথি জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, বিভাগীয় কমিশনার, খুলনা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর প্রাপ্য সকল সেবা বিষয়ে স্ব-স্ব প্রতিষ্ঠানের বিভাগীয় ও জেলা পর্যায়ের অফিস প্রধানগণ তার অধীনস্ত সকল কর্মচারীদের অবহিতকরণের বিষয়ে আগত কর্মকর্তাবৃন্দের প্রতি অনুরোধ করেন। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক আয়োজিত মতবিনিময় সভার আলোচ্য বিষয়ে বিভাগীয় ও জেলা পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত কর্মকর্তাবৃন্দের সু-চিন্তিত মতামত ব্যাক্ত করার জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক আগত কর্মকর্তাবৃন্দের আলোচনা/মতামত নিম্নরূপ:

| ক্রমিক | মতবিনিময় সভায় অংশগ্রহনকারী কর্মকর্তার নাম, পদবী ও অফিস ঠিকানা | প্রস্তাব/মতামত |
|---|---|---|
| ১. | জনাব মো: হুসাইন শওকত<br>পরিচালক,<br>স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা | • সকল মন্ত্রনালয় বা অধিদপ্তরের মাধ্যমে সকল সরকারি কর্মকর্তা বা কর্মচারীর মাঝে ব্যাপক প্রসার বা প্রচার ঘটানো যেতে পারে। |
| ২. | জনাব মো: বদিউজ্জামান<br>সচিব, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ<br>খুলনা। | • জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার ক্ষেত্রে পরিবারের সদস্যদের অন্তর্ভূক্ত করা যেতে পারে;<br>• প্রতিটি বিভাগে কর্মচারী হাসপাতাল নির্মাণ করা যেতে পারে; |
| ৩. | জনাব মোহন কুমার ঘোষ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা | • কল্যাণ তহবিলের চাঁদা মূল বেতনের ১% সর্বোচ্চ ১৫০ টাকার পরিবর্তে ২% সর্বোচ্চ ৩০০/- টাকা করা যেতে পারে;<br>• যৌথ বীমার মাসিক প্রিমিয়াম মূল বেতনের ০.৭০% সর্বোচ্চ ১০০ টাকার পরিবর্তে ২% সর্বোচ্চ ২০০/- টাকা করা যেতে পারে; |
| ৪. | জনাব খন্দকার ইয়াসির আরেফীন<br>জেলা প্রশাসক, খুলনা | • কোন প্রতিষ্ঠানের কোন কর্মচারী মৃত্যুবরণ করলে বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডকে অবহিত করা যেতে পারে;<br>• আবেদনের সময়সীমা উন্মুক্ত করা যেতে পারে; |
| ৫. | জনাব মোহাম্মদ হুমায়ুন কবির<br>জেলা প্রশাসক, সাতক্ষীরা | • শেয়ার বিক্রির মাধ্যমে তহবিল সংগ্রহ করা যেতে পারে;<br>• স্বাস্থ্য বীমা চালু করা যেতে পারে;<br>• প্রচারের জন্য লিফলেট বিতরণ করা যেতে পারে। |
| ৬. | জনাব মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী<br>জেলা প্রশাসক, নড়াইল | • বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী অফিস কে পত্র দ্বারা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ অবহিত করা যায়;<br>• প্রচারের জন্য বিভাগ ও জেলা পর্যায়ে ওয়ার্কসপ এর আয়োজন করা যায়; |
| ৭. | জনাব মোঃ শামীম হাসান<br>জেলা প্রশাসক, মেহেরপুর | • বিভাগীয় পর্যায়ে সরকারি কর্মচারী হাসপাতাল নির্মাণ করা যেতে পারে;<br>• আবেদন প্রক্রিয়া বুকলেট আকারে প্রকাশ করে সকল সরকারি অফিসে প্রেরণ করা যেতে পারে। |
| ৮. | জনাব মোহা: খালিদ হোসেন<br>জেলা প্রশাসক, বাগেরহাট | • হটলাইন নম্বর চালু করা যেতে পারে;<br>• আবেদন ট্রাকিং সিস্টেম চালু করা যেতে পারে;<br>• কর্মচারীদের চাঁদার হার বৃদ্ধি করা যেতে পারে; |
| ৯. | জনাব মোহাম্মদ আবু নাসের বেগ<br>জেলা প্রশাসক, মাগুরা | • শিক্ষাবৃত্তি ক্ষেত্রে সকল গ্রেড অন্তর্ভুক্ত করা যেতে পারে;<br>• শিক্ষাবৃত্তির অনুদান বৃদ্ধি করা যেতে পারে;<br>• রেষ্ট হাউজ তৈরী করা যেতে পারে; |
| ১০. | জনাব এস.এম.রফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক, ঝিনাইদহ | • জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের হার বৃদ্ধি;<br>• জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার ক্ষেত্রে পরিবারের সদস্যদের অন্তর্ভূক্ত করা যেতে পারে;<br>• প্রতিটি বিভাগে কর্মচারী হাসপাতাল নির্মাণ করা যেতে পারে; |

| | | |
|---|---|---|
| ১১. | ডা. কিসিঞ্জার চাকমা<br>জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা | • বোর্ডের অর্থ উৎপাদনশীল খাতে বিনিয়োগ করা যেতে পারে;<br>• জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার ক্ষেত্রে পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করা যেতে পারে; |
| ১২. | জনাব মো: এহেতেশাম রেজা<br>জেলা প্রশাসক, কুষ্টিয়া | • সাধারণ চিকিৎসা অনুদান ৪০,০০০/- টাকার পরিবর্তে ৫০,০০০/- টাকা করা যেতে পারে;<br>• বোর্ডের তত্ত্বাবধানে প্রতিটি সরকারি অফিসে ডে-কেয়ার সেন্টার স্থাপন করা যেতে পারে;<br>• নিয়মিত মাসিক সভা ও সেমিনার করা যেতে পারে। |
| ১৩. | জনাব মো: আব্দুল আজিজ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>খুলনা সিটি কর্পোরেশন, খুলনা | • নির্ধারিত সময় অন্তর গনশুনানির ব্যবস্থার মাধ্যমে সরাসরি অভিযোগ/ সমস্যা গ্রহণ ও নিষ্পত্তিকরণ করা যেতে পারে;<br>• সরকারি কর্মচারীর পরিবারের সদস্যদের নিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্প গঠন করা যেতে পারে;<br>• বোর্ডের সেবা সম্পর্কে নিয়মিত সভা, সেমিনার আয়োজন করা যেতে পারে; |
| ১৪. | জনাব মো: বাহার উদ্দীন মৃধা,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা | • কল্যাণ ভাতা মাসিক ২০০০/- টাকার পরিবর্তে ৫০০০/- টাকা এবং যৌথবীমা ২০০০০০/- এর পরিবর্তে ৫০০০০০/- টাকা করা যেতে পারে; |
| ১৫. | ডা: মো: মোক্তার হোসেন, সহযোগী অধ্যাপক, খুলনা মেডিকেল কলেজ, খুলনা। | • আর্থিক সহায়তা বৃদ্ধি করা যেতে পারে;<br>• বয়সসীমা বৃদ্ধি করা যেতে পারে;<br>• পরিবারের সদস্যদের জন্য সকল সেবা নিশ্চিত করা যেতে পারে; |
| ১৬. | জনাব মো: মিজানুর রহমান, বিভাগীয় যুগ্ন-নিবন্ধক, খুলনা | • কর্মচারী কল্যাণ বোর্ডের অধীনে কর্মচারীদের মধ্যে ঋণ প্রদান করা যেতে পারে।<br>• কর্মচারী কল্যাণ বোর্ডের আওতায় শহর কেন্দ্রিক আবাসন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |
| ১৭. | জনাব মো: মাহবুবুর রহমান আঞ্চলিক পরিচালক, বিসিক, খুলনা | • সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে; |
| ১৮. | জনাব নিতাই কুমার ভট্টাচার্য, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা | • স্বাস্থ্য বীমা চালু করা যেতে পারে। |
| ১৯. | জনাব মো: সেলিম রেজা<br>পরিচালক,<br>বিএসটিআই, খুলনা | • জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার ক্ষেত্রে পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করা যেতে পারে;<br>• সাধারণ চিকিৎসা অনুদান সত্তর হাজার করা যেতে পারে; |
| ২০. | জনাব মো: আবু সাইদ<br>পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা | • সকল সরকারি কর্মচারীদের বাধ্যতামূলক স্বাস্থ্য বীমা করা যেতে পারে;<br>• কর্মচারী হাসপাতাল নির্মাণ করা যেতে পারে;<br>• প্রবীন নিবাস করা যেতে পারে। |
| ২১. | জনাব মো: সেলিম রেজা বিপিএএ<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ। | • স্বাস্থ্য বীমা চালু করা যেতে পারে।<br>• আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। |
| ২২. | জনাব ইয়াসমিন মনিরা, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা | • বোর্ডের উন্নয়নে সরকারি কর্মচারীদের চাঁদার হার বৃদ্ধি করা যেতে পারে।<br>• মাসিক সমন্বয় সভায় প্রতি তিন মাস অন্তর একবার বোর্ডের কার্যক্রম ও সুবিধা অবহিতকরণ করা যেতে পারে। |
| ২৩. | জনাব মো: আছাদুজ্জামান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর | • সেবার মান বৃদ্ধির জন্য **"কল্যাণ অ্যাপ"** তৈরী করা যেতে পারে;<br>• সেবা কার্ড প্রবর্তন করা ও কার্ডের মাধ্যমে সেবা নিশ্চিত করা যেতে পারে;<br>• স্বাস্থ্য সেবা কার্ড প্রবর্তন করা যেতে পারে। |
| ২৪. | ড. মো: লুৎফর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল | • আবেদনকারীর সেবা সংক্রান্ত বিষয়ে সরাসরি যোগাযোগের জন্য মোবাইল ফোন নম্বর/হটলাইন নম্বর চালু করা যেতে পারে। |
| ২৫. | জনাব মো: মিজানুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা | • নিয়মিত মাসিক সভা ও সেমিনার করা যেতে পারে। |
| ২৬. | জনাব রেজা রশীদ, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সাতক্ষীরা | • সাধারণ চিকিৎসা অনুদান বৃদ্ধি;<br>• কল্যাণ ভাতার বয়সসীমা আমৃত্যু করা যেতে পারে; |
| ২৭. | জনাব মুহাম্মদ সানিউল কাদের, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা | • সরকারি কর্মচারীদের সন্তানদের জন্য ক্রীড়া বৃত্তি এবং সাংস্কৃতিক বৃত্তি প্রদান করা যেতে পারে। |
| ২৮. | জনাব সরদার মোস্তফা শাহিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর | • বোর্ডের কার্যক্রম বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে পত্র প্রেরন করা যেতে পারে;<br>• সকল দপ্তরে এক নজরে পোষ্টার তৈরী করে প্রচার করা যেতে পারে;<br>• ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা যেতে পারে |
| ২৯. | জনাব ঝুমুর বালা, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট | • কর্মচারী কল্যাণ আবাসন ব্যবস্থাপনা চালু করা যেতে পারে।<br>• বেতন খাত থেকে যৌথবীমা ও কল্যাণ তহবিলের চাঁদা আরো বৃদ্ধি করা যেতে পারে। |
| ৩০. | জনাব মো: রুহুল আমীন উপপরিচালক, মাউশি, খুলনা। | • সাধারণ চিকিৎসা অনুদান ১,০০,০০০/- করা যেতে পারে;<br>• কর্মচারীদের অনুদান প্রাপ্যতার বয়সসীমা বৃদ্ধি করা যেতে পারে; |
| ৩১. | জনাব এ এস এম তৌহীদ আলীম,<br>উপপরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চল | • সকল সেবার সম্পূর্ন প্রক্রিয়া অনলাইন করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| | বাপাউবো, খুলনা | • সর্বোচ্চ অনুদান প্রাপ্তি সীমা পাঁচলক্ষ টাকা করা যেতে পারে; |
| ৩২. | জনাব মো: জাহাঙ্গীর ইলম, উপপরিচালক, মৎস অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা | • ডিসপেন্সারি স্থাপনপূর্বক স্বল্পমূলে ঔষধ সরবরাহ করা যেতে পারে;<br>• আর্থিক প্রতিষ্ঠান স্থাপন করা যেতে পারে; |
| ৩৩. | জনাব মো: জাহিদ হোসেন খান, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা | • স্টাফবাস পরিবহনের সংখ্য বৃদ্ধি করা যেতে পারে;<br>• কর্মচারীদের চাঁদা/প্রিমিয়াম হার বৃদ্ধি করা যেতে পারে; |
| ৩৪. | জনাব মো: কামাল হোসেন, সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কর্যালয়, খুলনা | • কর্মচারী কল্যাণ ব্যাংক গঠন করা যেতে পারে;<br>• বানিজ্যিক ভবন নির্মাণ করা যেতে পারে; |
| ৩৫. | জনাব মো: মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, খুলনা | • প্রত্যেক কর্মচারীর চাঁদার বিপরীতে বোর্ডের সেবা গ্রহণ করে। সেবা গ্রহণ কর্মচারীর অধিকার কখনই অনুকম্পা নয় বিষয়টি অনুধাবনে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগন তাদের মাসিক উন্নয়ন ও সমন্বয় সভায় উপস্থাপন ও অবহিতকরণে ভূমিকা রাখতে পারে। |
| ৩৬. | জনাব মো: আবু হোসেন, সহকারী পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর | • স্বাস্থ্য বীমা চালু করা যেতে পারে;<br>• বোর্ডের স্লোগান নির্ধারণ করা যেতে পারে; |
| ৩৭. | জনাব মিজানুর রহমান পাটওয়ারী উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা | • বোর্ডের অর্থ বিভিন্ন আয়বর্ধক খাতে বিনিয়োগ করা যেতে পারে;<br>• ত্রৈমাসিক ভিত্তিতে বিভিন্ন প্রতিষ্ঠান নিয়ে সমন্বয় সভা আহবান করা যেতে পারে। |
| ৩৮. | জনাব সুসান্ত কুমার সাহা পরিদর্শক কারিগরী শিক্ষা অধিদপ্তর, খুলনা | • বোর্ডের সেবার মান/ পরিধি বৃদ্ধির জন্য সমন্বিত কর্মচারী কল্যাণ শীর্ষক প্রকল্প গ্রহন করা যেতে পারে।<br>• বাংলাদেশ কর্মচারী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা করা যেতে পারে। |

পরিশেষে পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা উপরে উল্লিখিত আলোচনা/মতামত পর্যালোচনা করে নিম্নোক্ত সারসংক্ষেপ উপস্থাপন করেন।

০১. **<u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চলমান সেবার মান বৃদ্ধি/পরিধি বৃদ্ধি/নতুন সেবা সংযোজনে প্রস্তাব:</u>**

- কর্মচারীর স্ত্রী/স্বামী-কে জটিল ও ব্যয়বহুল চিকিৎসা অনুদানের অন্তর্ভূক্ত করা যেতে পারে;
- সাধারণ চিকিৎসা অনুদান বার্ষিক ৪০,০০০/- টাকার স্থালে ৬০,০০০/- টাকা করা যেতে পারে।
- প্রত্যেক বিভাগীয় শহরে একটি কর্মচারী কল্যাণ হাসপাতাল নির্মাণ ও ডিসপেনসারি করা যেতে পারে;
- স্বাস্থ্য বীমা চালু ও কার্ড প্রবর্তন করা যেতে পারে;
- হটলাইন নম্বর চালু করা যেতে পারে;
- কোন প্রতিষ্ঠানের কোন কর্মচারী মৃত্যুবরণ করলে বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বোর্ডকে অবহিত করা যেতে পারে;
- বোর্ডের স্লোগান নির্ধারণ করা যেতে পারে;
- বোর্ডের তত্বাবধানে প্রতিটি সরকারি অফিসে ডে-কেয়ার সেন্টার স্থাপন করা যেতে পারে;
- নির্ধারিত সময় অন্তর গনশুনানির ব্যবস্থার মাধ্যমে সরাসরি অভিযোগ/ সমস্যা গ্রহণ ও নিষ্পত্তিকরণ করা যেতে পারে;
- কল্যাণ ভাতা মাসিক ২০০০/- টাকার পরিবর্তে ৫০০০/- টাকা এবং যৌথবীমা ২০০০০০/- এর পরিবর্তে ৫০০০০০/- টাকা করা যেতে পারে;
- কর্মচারী কল্যাণ বোর্ডের অধীনে কর্মচারীদের মধ্যে ঋণ প্রদান করা যেতে পারে।
- সকল কর্মচারীদের ডাটাবেস তৈরী করে আইডি প্রদান করা যেতে পারে;
- সেবা কার্ড প্রবর্তন করা ও কার্ডের মাধ্যমে সেবা নিশ্চিত করা যেতে পারে;
- সেবার মান বৃদ্ধির জন্য **"কল্যাণ অ্যাপ"** তৈরী করা যেতে পারে;

বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরিশেষে, মতবিনিময় সভায় উপস্থিত সকলকে স্বতঃপূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মৃধা মো: মোজাহিদুল ইসলাম)**
পরিচালক (উপসচিব)
ফোন নম্বর: ০২৪৭৭৭০১৯৬৬
ই-মেইল: directorkhu@bkkb.gov.bd

নম্বর- ০৫.৮১.০০০০.০০৩.১৬.০১৭.১৮ (অংশ-১). ৭২৭

তারিখ: ৩০-১০-২০২৩ খ্রি.

**<u>অনুলিপি: সদয় অবগতি / কার্যার্থে -</u>**

০১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ, (সংশ্লিষ্ট সকল অফিস)।

**(মৃধা মো: মোজাহিদুল ইসলাম)**
পরিচালক (উপসচিব)